

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪২৮.১৮-

১২৬০

তারিখ

৪ অগ্রহায়ণ, ১৪২৫।
১৬ নভেম্বর, ২০১৮।

বিষয় : রীট পিটিশন নং ৪৫২২/২০১৮ এর দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব আব্দুল মতিন গং, প্রধান শিক্ষক, দক্ষিণ জামালপুর রেজি-বেসরকারী প্রাথমিক বিদ্যালয় (সদ্য জাতীয়করণকৃত), উপজেলা-নোয়াখালী সদর, জেলা-নোয়াখালী নিজ নিজ বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে যোগদান করে তাঁদের দায়িত্ব পালন করে আসছেন মর্মে দাবী করেছেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০৭.০১৫.০০০.০৮.০০.২০১৩-৪৭৫ তারিখ-১০/১১/২০১৩ খ্রিঃ অনুযায়ী তাঁর পদবী প্রধান শিক্ষকের পরিবর্তে সহকারী শিক্ষক হিসেবে গেজেটভুক্ত করা হয়েছে এবং স্মারক নং- জেপ্রাশিঅ/নোয়া/প্রঃশিঃ (চলতি দায়িত্ব)/১১০৪ তারিখঃ ২৪.০৫.২০১৮ অনুযায়ী উক্ত পদগুলো শূন্য পদ ঘোষণা করে প্রধান শিক্ষকের চলতি দায়িত্ব প্রদান করা হয়েছে। ফলে তাঁরা সংক্ষুদ্ধ হয়ে প্রধান শিক্ষক পদের দাবীতে এবং মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত চলতি দায়িত্বে পদায়নকৃত প্রধান শিক্ষকদের প্রত্যাহারের দাবীতে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ৪৫২২/২০১৮ দায়ের করেন। গত ১৮.০৭.২০১৮ খ্রিঃ তারিখে মহামান্য আদালত নিম্নরূপ আদেশ প্রদান করেনঃ

Pending hearing of the Rule, let the operation of the impugned Memo No. জেপ্রাশিঅ/নোয়া/প্রঃশিঃ (চলতি দায়িত্ব)/১১০৪ respondents Dated 24.05.2018 (Annexure- "X-1") so far it relates to the post of the Headmaster's school be stayed for a period of 03(three) months from date.

২। উল্লেখ্য যে, উক্ত রীটের বিরুদ্ধে সরকার পক্ষে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত রীট পিটিশন সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি প্রয়োজন, যা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইনকোষে সংরক্ষিত নেই এবং মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে বর্ণিত মামলায় রেসপনডেন্ট করা হয়নি বিধায় রুল ও আর্জির কপি আদালত হতে আইন শাখায় প্রেরণ করা হয়নি।

৩। বর্ণিত অবস্থায় রীট পিটিশন নং ৪৫২২/২০১৮ এর প্রেক্ষিতে নিম্নোক্ত তথ্য/রেকর্ড সমূহ আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অধিদপ্তরের আইন শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

- (১) রীট পিটিশন নং ৪৫২২/২০১৮ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, দুই প্রস্থ।
- (২) রীট পিটিশন নং ৪৫২২/২০১৮ এর রুল ও আর্জির কপি, এক প্রস্থ।
- (৩) রীট পিটিশনের দফাওয়ারী ইংরেজী জবাব (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- (৪) প্রেরিত ওকালত নামায় স্বাক্ষর প্রদান (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ)।
- (৫) প্রেরিত ক্ষমতাপর্শনে স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৬) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, দুই প্রস্থ।
- (৭) প্রতিটি রেকর্ড স্পষ্ট হওয়া প্রয়োজন।

৪। এ বিষয়ে আর কোন তাগিদপত্র দেয়া হবে না। কোন প্রকার অনিয়ম বা অবহেলাজনিত কারণে সরকারের ক্ষতি হলে এর দায়-দায়িত্ব তাঁর উপর বর্তাবে এবং বিষয়টি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে অবহিত করে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তি, ১। আদেশের ফটোকপি ০১(এক) খানা।

২। ওকালতনামা ০২(দুই) খানা।

৩। ক্ষমতাপর্শন পত্র ০২(দুই) খানা।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।
নোয়াখালী।

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪২৮.১৮-

১২৬০/২


তারিখ


৪ অগ্রহায়ণ, ১৪২৫।
১৬ নভেম্বর, ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

২। অফিস নথি।


(মুহাম্মদ রুকিবুল ইসলাম তালুকদার)
সহঃ পরিচালক (আইন)


(মুহাম্মদ রুকিবুল ইসলাম তালুকদার)
সহঃ পরিচালক (আইন)